

## ২০১৮ সালের জন্য বাংলাদেশ ‘রিজিওনাল কনসালটেটিভ গ্রুপ’ (আরসিজি) এর চেয়ার নির্বাচিত

ঢাকা, ১৯ মার্চ ২০১৮

বাংলাদেশ ২০১৮ সালের জন্য দুর্ভোগ মোকাবেলায় সমন্বয় কার্যক্রম জোরদারকরণ সংক্রান্ত রিজিওনাল কনসালটেটিভ গ্রুপ (আরসিজি)-এর চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। ২০১৭ সালে এর চেয়ারম্যান ছিল সিংগাপুর। ওই বছরের ডিসেম্বরে সিংগাপুরে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ চেয়ার নির্বাচিত হয়। বাংলাদেশ চেয়ার নির্বাচিত হওয়ার ফলে সিংগাপুর সরকার বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সম্মানসূচক ক্রেস্ট উপহার দেন। সে ক্রেস্ট আজ মন্ত্রিসভায় প্রধানমন্ত্রীর হাতে তুলে দেন দুর্ভোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, বীরবিক্রম, এমপি। মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল এ সময় উপস্থিত ছিলেন।



এশিয়া ও প্রশান্তমহাসাগরীয় অঞ্চলের দেশসমূহে জাতিসংঘের মানবিক সহায়তা সমন্বয়কারী সংস্থা UNOCHA এর উদ্যোগে সিভিল-মিলিটারি সমন্বয়ের মাধ্যমে বড় ধরনের দুর্ভোগ মোকাবেলা কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে ২০১৪ সালে মানবিক সহযোগিতার ক্ষেত্রে একক প্ল্যাটফর্ম হিসেবে ‘রিজিওনাল কনসালটেটিভ গ্রুপ (আরসিজি)’ গঠন করা হয়। আরসিজি গঠনের উদ্দেশ্য হলো বড় ধরনের দুর্ভোগ মোকাবেলায় আন্তর্জাতিক সিভিল-মিলিটারি সমন্বয় জোরদারকরণ, বিভিন্ন স্টেকহোল্ডারদের সমন্বয়ে কার্যকর অপারেশনাল প্ল্যান তৈরী এবং এর অনুশীলন ও দুর্ভোগ সাড়াদান কার্যক্রম বাস্তবায়নে অভিজ্ঞতা, শিক্ষণ ও তথ্য বিনিময় ইত্যাদি।

আরসিজি এর প্রথম সম্মেলন ২০১৫ সালে থাইল্যান্ড এবং দ্বিতীয় সম্মেলন ২০১৬ সালে ফিলিপাইনে অনুষ্ঠিত হয়। সিঙ্গাপুর সরকার এবং UNOCHA’র যৌথ উদ্যোগে ২০১৭ সালের ৫-৬ ডিসেম্বর সিঙ্গাপুরে তৃতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। আরসিজি-২০১৭ এর সম্মেলনে ২৬ টি দেশ এবং ২৪ টি আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার সিভিল-মিলিটারি, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান এবং বেসরকারি সংস্থার প্রতিনিধি অংশগ্রহণ করেন।

সিঙ্গাপুরে অনুষ্ঠিত আরসিজি এর তৃতীয় সম্মেলনে ২০১৭ সালে বাংলাদেশে সংঘটিত ৫টি দুর্ভোগ মোকাবেলার অভিজ্ঞতা বিনিময় করা হয় এবং এ সফলতা প্রশংসিত হয়।

আরসিজি-২০১৮ সালের ভিশন ও কর্মপরিকল্পনা অনুযায়ী বাংলাদেশ এ বছর যেসব কার্যক্রম পরিচালনায় নেতৃত্ব ও সমন্বয় করবে তা হলো- আঞ্চলিক পর্যায়ে জরুরি সাড়াদানে মানবিক সহযোগিতা প্রদানে সিভিল-মিলিটারি সমন্বয় জোরদারকরণ, রাসায়নিক, জীবানু ঘটিত, বিকীরণজনিত ও পারমানবিক তেজস্ক্রিয়তাজনিত দুর্যোগে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের অভিজ্ঞতা বিনিময়ে কর্মপন্থা নির্ধারণে নেতৃত্ব প্রদান, বাংলাদেশের উদ্যোগে UNOCHAএর সহযোগিতায় এ বছর ভূমিকম্প ও ঝুঁকি মোকাবেলা বিষয়ক মহড়া আয়োজন এবং বাংলাদেশের সভাপতিত্বে ২০১৮ সালে চতুর্থ আরসিজি সম্মেলন ঢাকায় আয়োজন।

মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান

সিনিয়র তথ্য অফিসার

০১৯৪৩৪৪৬৩২৩